বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
*(রেমিট্যান্স পলিসি সেকশন)*

সার্কুলার পত্র নং- এফইপিডি(রেমিট্যান্স)৪৪/২০১৪-০৪

১৮-১২-১৪২০ বাঃ
তারিখ ০১-০৪-২০১৪ খ্রিঃ

ব্যবস্থাপনা পরিচালক/শীর্ষ নির্বাহী কর্মকর্তা
সোনালী ব্যাংক লিঃ/অগ্রণী ব্যাংক লিঃ/জনতা ব্যাংক লিঃ/রূপালী ব্যাংক লিঃ/
পূবালী ব্যাংক লিঃ/বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী/ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ/আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ/দি সিটি ব্যাংক লিঃ/ প্রাইম ব্যাংক লিঃ/দি প্রিমিয়ার ব্যাংক লিঃ /মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ/ স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ/ ব্যাংক এশিয়া লিঃ/ ঢাকা ব্যাংক লিঃ/ব্র্যাক ব্যাংক লিঃ/ সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ/ শাহ্জালাল ইসলামী ব্যাংক লিঃ/ওয়ান ব্যাংক লিঃ/ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ/ এক্সিম ব্যাংক লিঃ/ স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক/এনসিসি ব্যাংক লিঃ/যমুনা ব্যাংক লিঃ / আইএফআইসি ব্যাংক লিঃ/ এবি ব্যাংক লিঃ / ট্রাস্ট ব্যাংক লিঃ/ ন্যাশনাল ব্যাংক লিঃ/ মার্কেন্টাইল ব্যাংক লিঃ/ এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ/ সাউথইস্ট ব্যাংক লিমিটেড/আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ

প্রিয় মহোদয়,

**সরকারী ব্যবস্থাপনায় হজ্জব্রত পালন- ১৪৩৫ হিজরী সন।**

সরকারী ব্যবস্থাপনায় ১৪৩৫ হিজরী সনের হজ্জব্রত পালনের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত "হজ্জ প্যাকেজ-২০১৪ খ্রিঃ/১৪৩৫ হিজরী" এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত হজ্জ প্যাকেজের আলোকে সরকারী ব্যবস্থাপনায় হজ্জব্রত পালনে গমনেচ্ছুগণ হতে স্থানীয় মুদ্রায় অর্থ জমা গ্রহণের বিপরীতে বৈদেশিক মুদ্রা ইস্যুকরণ ও প্রাসংগিক কার্যক্রম পরিচালনায় অনুমোদিত ডিলারগণের অনুসরণীয় নির্দেশনাবলী নিম্নে প্রদত্ত হলো।

(ক) সরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীগণের জনপ্রতি মোট খরচের ০২টি প্যাকেজ এর (প্যাকেজ-১ ও প্যাকেজ-২) খাতওয়ারী বিভাজন নিম্নে উপস্থাপন করা হলো:

**জনপ্রতি সার্বিক খরচ (প্যাকেজ-১) ঃ**

| ক্রমিক নং | ব্যয়ের খাতসমূহ | পরিমান (টাকা) |
|---|---|---|
| ১. | **বিমান ভাড়া ঃ** | |
| (ক) | বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৫০০ (১৫০০×৭৭.৪০) | ১,১৬,১০০.০০ |
| (খ) | ইন্সিওরেন্স সারচার্জ মার্কিন ডলার ১০ (১০×৭৭.৪০) | ৭৭৪.০০ |
| (গ) | জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×২১.০০) | ১,০৫০.০০ |
| (ঘ) | এম্বারকেশন ফি | ৩০০.০০ |
| (ঙ) | এক্সাইজ ডিউটি | ৫০০.০০ |
| (চ) | হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৩০ (৩০×২১.০০) | ৬৩০.০০ |
| | *মোট ঃ* | **১,১৯,৩৫৪.০০** |
| ২. | **স্থানীয় সার্ভিস চার্জ ঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ্ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ৩. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড)ঃ** | ২০০.০০ |
| ৪. | **প্রশিক্ষন ফি ঃ** | ৩০০.০০ |
| ৫. | **মোয়াল্লেম ফিঃ**<br>মিনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদিনা ও আল-মাশায়েরে যাতায়াত ও পরিবহন ফি, সার্ভিস চার্জ, জমজমের পানি ইত্যাদি বাবদ সৌদি রিয়াল ১,১০৯ (১,১০৯×২১.০০) | ২৩,২৮৯.০০ |
| ৬. | মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা **ট্রেন ভাড়া ঃ** সৌদি রিয়াল ২৫০ (২৫০×২১.০০) | ৫,২৫০.০০ |
| ৭. | **অতিরিক্ত সার্ভিস চার্জ ঃ**<br>সৌদি আরবে মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ<br>সৌদি রিয়াল ৮৫০(৮৫০×২১.০০) | ১৭,৮৫০.০০ |

| | | |
|---|---|---|
| ৮. | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়া ঃ**<br>মক্কা ও মদিনায় হজ্জযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌদি রিয়াল (৬,৫০০+৫০০+৭০)=(৭,০৭০.০০×২১.০০)।<br>**বাড়ী ভেদে বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালের ন্যায় সৌদি আরবে হজ্জযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।** | ১,৪৮,৪৭০.০০ |
| ৯. | **খাওয়া খরচ ঃ**<br>রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা ৩৫.০০ সৌদি রিয়াল হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৩৫.০০× ৪০)=সৌদি রিয়াল ১৪০০.০০ (১৪০০× ২১.০০) | ২৯,৪০০.০০ |
| ১০ | ৫৬ সেঃমিঃ × ২৫ সেঃমিঃ × ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ১,৭০০.০০ |
| ১১. | হজ্জ গাইড বাবদ ঃ প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জ গাইড হিসেবে | ৭,৭০৩.০০ |
| | *সর্বমোট(১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১) =* | **৩,৫৪,৩১৬.০০**<br>(তিন লক্ষ চুয়ান্ন হাজার তিন শত ষোল টাকা মাত্র) |

**নোটঃপ্রতি মার্কিন ডলার ৭৭.৪০ (সাতাত্তর টাকা চল্লিশ পয়সাা ) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ টাকা) টাকা হারে ধরা হয়েছে।**

**জনপ্রতি সার্বিক খরচ (প্যাকেজ-২) ঃ**

| ক্রমিক নং | ব্যয়ের খাতসমূহ | পরিমান (টাকা) |
|---|---|---|
| ১. | **বিমান ভাড়া ঃ** | |
| (ক) | বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৫০০ (১৫০০×৭৭.৪০) | ১,১৬,১০০.০০ |
| (খ) | ইন্সিওরেন্স সারচার্জ মার্কিন ডলার ১০ (১০×৭৭.৪০) | ৭৭৪.০০ |
| (গ) | জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×২১.০০) | ১,০৫০.০০ |
| (ঘ) | এম্বারকেশন ফি | ৩০০.০০ |
| (ঙ) | এক্সাইজ ডিউটি | ৫০০.০০ |
| (চ) | হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৩০ (৩০×২১.০০) | ৬৩০.০০ |
| | *মোট ঃ* | **১,১৯,৩৫৪.০০** |
| ২. | **স্থানীয় সার্ভিস চার্জ ঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ্ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ৩. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) ঃ** | ২০০.০০ |
| ৪. | **প্রশিক্ষন ফি ঃ** | ৩০০.০০ |
| ৫. | **মোয়াল্লেম ফিঃ**<br>মিনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও আল-মাশায়েরে যাতায়ত ও পরিবহন ফি, সার্ভিস চার্জ, জমজমের পানি ইত্যাদি বাবদ সৌদি রিয়াল ১,১০৯ (১,১০৯×২১.০০) | ২৩,২৮৯.০০ |
| ৬. | মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা **ট্রেন ভাড়া** ঃ ২৫০ সৌদি রিয়াল (২৫০×২১.০০) | ৫,২৫০.০০ |
| ৭. | **অতিরিক্ত সার্ভিস চার্জ ঃ**<br>সৌদি আরবে মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ<br>সৌদি রিয়াল ৮৫০(৮৫০×২১.০০) | ১৭,৮৫০.০০ |

চলমান পাতা/০৩

| | | |
|---|---|---|
| ৮. | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়া ঃ**<br>মক্কা ও মদিনায় হজ্জযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌদি রিয়াল (৩৮০০+৫০০+৪৩)=(৪,৩৪৩.০০×২১.০০)।<br>**বাড়ী ভেদে বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালের ন্যায় সৌদি আরবে হজ্জযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।** | ৯১,২০৩.০০ |
| ৯. | **খাওয়া খরচ ঃ**<br>রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা ৩৫ সৌদি রিয়াল হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৩৫× ৪০)=সৌদি রিয়াল ১৪০০.০০ (১৪০০× ২১.০০) | ২৯,৪০০.০০ |
| **১০.** | ৫৬ সেঃমিঃ × ২৫ সেঃমিঃ × ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ১,৭০০.০০ |
| **১১.** | হজ্জ গাইড বাবদ ঃ প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জ গাইড হিসেবে | ৬,৪৩০.০০ |
| | *সর্বমোট(১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১) =* | ***২,৯৫,৭৭৬.০০*** (দুই লক্ষ পঁচানব্বই হাজার সাতশত ছিয়াত্তর টাকা মাত্র) |

**নোটঃ প্রতি মার্কিন ডলার ৭৭.৪০ (সাতাত্তর টাকা চল্লিশ পয়সাা ) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ টাকা) টাকা হারে ধরা হয়েছে।**

(খ) প্রত্যেক হজ্জযাত্রীকে কুরবানী খরচ বাবদ ৫০০.০০ (পাঁচশত) সৌদি রিয়াল সমপরিমান ১০,৫০০.০০ (দশ হাজার পাঁচশত) টাকা কম/বেশি পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিতে হবে ।

(গ) হজ্জের সার্বিক খরচ ছাড়াও প্রত্যেক হজ্জযাত্রী ৫০০(পাঁচশত) মার্কিন ডলারের সমতুল্য বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন।

(ঘ) সরকারী ব্যবস্থাপনায় প্যাকেজ-১ (প্যাকেজ মূল্য টাকা **৩,৫৪,৩১৬.০০**) ও প্যাকেজ-২ (প্যাকেজ মূল্য টাকা ***২,৯৫,৭৭৬.০০***) এর আওতায় গমনেচ্ছু হজ্জযাত্রী গনের টাকা জমাদানের সর্বশেষ তারিখ ০১.০৬.২০১৪।

০৩। প্রচলিত ব্যবস্থায় টিএম ফরমে আবেদনের ভিত্তিতে কনফার্মড রিটার্ন এয়ার টিকেট ও আন্তর্জাতিক পাসপোর্টে এনডোর্সমেন্টপূর্বক বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে । বিমান টিকেটে উল্লিখিত যাত্রার তারিখের ২(দুই) সপ্তাহের পূর্বে কোন বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে না।

০৪। হজ্জ যাত্রীর আন্তর্জাতিক পাসপোর্টে প্রদত্ত স্বাক্ষর/টিপসহি টিএম ফরমে অনুরূপভাবে গ্রহণ করে নির্ধারিত পরিমাণ বৈদেশিক মুদ্রা কেবলমাত্র সংশ্লিষ্ট হজ্জ যাত্রীর নিকট হস্তান্তরের বিষয়টি অনুমোদিত ডিলারগণকে নিশ্চিত করতে হবে।

এ সার্কুলার পত্রের বিষয়বস্তু সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩১৯ ।

সংযোজনী ঃ "হজ্জ প্যাকেজ-২০১৪ খ্রিঃ/১৪৩৫ হিজরী" ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(জিএম শাখা)
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ডাইরী নং ......
তারিখ......

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# হজ্জ প্যাকেজ-২০১৪ খ্রিঃ/১৪৩৫ হিজরী

সৌদি আরবে চাঁদ দেখা সাপেক্ষে আগামী ০৪ অক্টোবর ২০১৪ খ্রিঃ ৯ যিলহজ্জ ১৪৩৫ হিজরী তারিখে এ বছরের পবিত্র হজ্জ অনুষ্ঠিত হবে। পবিত্র হজ্জব্রত পালনের জন্য সরকারি ব্যবস্থাপনায় ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সির মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় সৌদি আরব গমন করা যাবে। বাংলাদেশ হতে এ বছর সরকারি ব্যবস্থাপনায় ১০,০০০ (দশ হাজার) ও বেসরকারি ব্যবস্থাপনায় ৯১,৭৫৮ (একানব্বই হাজার সাতশত আটান্ন) জন সর্বমোট ১,০১,৭৫৮ (এক লক্ষ এক হাজার সাতশত আটান্ন) জন হজ্জযাত্রী পবিত্র হজ্জব্রত পালনের জন্য সৌদি আরব গমন করতে পারবেন।

২। **সরকারি ব্যবস্থাপনা ঃ**

| | | |
|---|---|---|
| ২.১ | সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীগণের জন্য জনপ্রতি **প্যাকেজ নং-০১** এ মোট খরচ **(তিন লক্ষ চুয়ান্ন হাজার তিনশত ষোল)** টাকা মাত্র নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে। | ৩,৫৪,৩১৬.০০ |
| **ক্রমিক** | **ব্যয়ের খাতসমূহ** | **টাকা** |
| ১. | **বিমান ভাড়াঃ** | |
| | (ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৫০০ (১৫০০ × ৭৭.৪০) | ১,১৬,১০০.০০ |
| | (খ) ইন্সিওরেন্স সারচার্জ মার্কিন ডলার ১০ (১০ × ৭৭.৪০) | ৭৭৪.০০ |
| | (গ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০ ×২১.০০) | ১,০৫০.০০ |
| | (ঘ) এম্বারকেশন ফি | ৩০০.০০ |
| | (ঙ) এক্সাইজ ডিউটি | ৫০০.০০ |
| | (চ) হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌঃরিঃ ৩০ (৩০×২১.০০) | ৬৩০.০০ |
| | মোট = | **১,১৯,৩৫৪.০০** |
| ২. | **স্থানীয় সার্ভিস চার্জঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ৩. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) ঃ** | ২০০.০০ |
| ৪. | **প্রশিক্ষণ ফিঃ** | ৩০০.০০ |
| ৫. | **মোয়াল্লেম ফিঃ**<br>মিনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদিনা ও আল-মাশায়েরে যাতায়াত ও পরিবহন ফি, সার্ভিস চার্জ, জম জমের পানি ইত্যাদি বাবদ সৌঃ রিঃ ১১০৯ (১১০৯×২১.০০) | ২৩,২৮৯.০০ |
| ৬. | মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা **ট্রেন ভাড়াঃ** সৌঃ রিঃ ২৫০ (২৫০×২১.০০) | ৫,২৫০.০০ |
| ৭. | **অতিরিক্ত সার্ভিস চার্জঃ**<br>সৌদি আরবে মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ সৌঃরিঃ ৮৫০ (৮৫০ x ২১.০০) | ১৭,৮৫০.০০ |
| ৮. | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়া ঃ**<br>মক্কা ও মদিনায় হজ্জযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌঃ রিঃ (৬৫০০+৫০০+৭০)= (৭০৭০.০০×২১.০০)।<br>**বাড়ী ভেদে বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালের ন্যায় সৌদি আরবে হজ্জযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।** | ১,৪৮,৪৭০.০০ |
| ৯ | **খাওয়া খরচঃ**<br>রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা ৩৫.০০ সৌঃ রিঃ হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৩৫×৪০) = ১৪০০ সৌঃ রিঃ (১৪০০×২১.০০) | ২৯,৪০০.০০ |
| ১০. | ৫৬ সেঃমিঃ x ২৫ সেঃমিঃ x ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ১,৭০০.০০ |
| ১১. | হজ্জ গাইড বাবদ ঃ প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জ গাইড হিসেবে | ৭,৭০৩.০০ |
| | **সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১) =** | ৩,৫৪,৩১৬.০০<br>**(তিন লক্ষ চুয়ান্ন হাজার তিনশত ষোল)** টাকা |

**নোটঃ প্রতি মার্কিন ডলার ৭৭.৪০ (সাতত্তর টাকা চল্লিশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে)**

**তাছাড়াও প্রত্যেক হজ্জযাত্রীকে কুরবানী খরচ বাবদ ৫০০.০০ (পাঁচশত) সৌঃরিঃ সমপরিমান ১০,৫০০.০০ (দশ হাজার পাঁচশত) টাকা কম/বেশী পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিতে হবে।**

চলমান পাতা-২

| | | | |
|---|---|---|---|
| ২.২ | সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীগণের জন্য জনপ্রতি **প্যাকেজ নং-০২** এ মোট খরচ **২,৯৫,৭৭৬.০০ (দুই লক্ষ পঁচানব্বই হাজার সাতশত ছিয়াত্তর) টাকা** মাত্র নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে । | | |

| ক্রমিক | ব্যয়ের খাতসমুহ | টাকা |
|---|---|---|
| ১. | **বিমান ভাড়া ঃ** | |
| | (ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৫০০ (১৫০০ x ৭৭.৪০) | ১,১৬,১০০.০০ |
| | (খ) ইন্সিওরেন্স সারচার্জ মার্কিন ডলার ১০ (১০ x ৭৭.৪০) | ৭৭৪.০০ |
| | (গ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০ x ২১.০০) | ১,০৫০.০০ |
| | (ঘ) এম্বারকেশন ফি | ৩০০.০০ |
| | (ঙ) এক্সাইজ ডিউটি | ৫০০.০০ |
| | (চ) হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌঃরিঃ ৩০ (৩০ x ২১.০০) | ৬৩০.০০ |
| | মোট = | **১,১৯,৩৫৪.০০** |
| ২. | **স্থানীয় সার্ভিস চার্জ ঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ৩. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) ঃ** | ২০০.০০ |
| ৪. | **প্রশিক্ষণ ফি ঃ** | ৩০০.০০ |
| ৫. | **মোয়াল্লেম ফি ঃ**<br>মিনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও আল-মাশায়েরে যাতায়াত ও পরিবহন ফি, সার্ভিস চার্জ, মোয়াচ্ছাসার জম জমের পানি ইত্যাদি বাবদ সৌঃ রিঃ ১১০৯ (১১০৯ x ২১.০০) | ২৩,২৮৯.০০ |
| ৬. | মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা **ট্রেন ভাড়া ঃ** সৌঃ রিঃ ২৫০ (২৫০ x ২১.০০) | ৫,২৫০.০০ |
| ৭. | **অতিরিক্ত সার্ভিস চার্জ ঃ**<br>**সৌদি আরবে** মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ সৌঃ রিঃ ৮৫০ (৮৫০ x ২১.০০) | ১৭,৮৫০.০০ |
| ৮. | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়া ঃ**<br>মক্কা ও মদিনায় হজ্জযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌঃ রিঃ **(৩৮০০+৫০০+৪৩) = (৪৩৪৩.০০ x ২১.০০) ।**<br>**বাড়ী ভেদে বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালের ন্যায় সৌদি আরবে হজ্জযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে ।** | ৯১,২০৩.০০ |
| ৯ | **খাওয়া খরচঃ**<br>রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে । দৈনিক তিন বেলা ৩৫.০০ সৌঃ রিঃ হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৩৫ x ৪০) = ১৪০০ সৌঃ রিঃ (১৪০০ x ২১.০০) | ২৯,৪০০.০০ |
| ১০. | ৫৬ সেঃমিঃ x ২৫ সেঃমিঃ x ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ১,৭০০.০০ |
| ১১. | হজ্জ গাইড বাবদ ঃ প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জ গাইড হিসেবে | ৬,৪৩০.০০ |
| | **সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১) =** | ২,৯৫,৭৭৬.০০<br>**(দুই লক্ষ পঁচানব্বই হাজার সাতশত ছিয়াত্তর) টাকা** |
| | **নোটঃ প্রতি মার্কিন ডলার ৭৭.৪০ (সাতাত্তর টাকা চল্লিশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে)** | |

**তাছাড়াও প্রত্যেক হজ্জযাত্রীকে কুরবানী খরচ বাবদ ৫০০.০০ (পাঁচশত) সৌঃরিঃ সমপরিমান ১০,৫০০.০০ (দশ হাজার পাঁচশত) টাকা কম/বেশী পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিতে হবে ।**

২.৩ **প্রতিজন হজ্জযাত্রীর প্রাপ্য সুবিধাসমূহ ঃ** (ক) সৌদি আরব গমনের ভিসা, (খ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সযোগে নির্ধারিত সময়ে ঢাকা-জেদ্দা-ঢাকা পথে সৌদি আরবে যাওয়া-আসার সুযোগ, (গ) **প্যাকেজ ০১** এর হজ্জযাত্রীগণ মক্কায় ক্বাবা শারীফ থেকে **সর্বোচ্চ ১২০০ মিটার** ও মদিনায় মসজিদে নববী থেকে **সর্বোচ্চ ৫০০ মিটারের** মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে অবস্থান করবেন, (ঘ) **প্যাকেজ ০২** এর হজ্জযাত্রীগণ মক্কায় ক্বাবা শারীফ থেকে ২কিঃমিঃ এর মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে অবস্থান করবেন । তবে যদি বর্ণিত দরে কাছা-কাছি বাড়ী/হোটেল ভাড়া করা সম্ভব না হয় তাহলে ২ কিঃ মিঃ এর অধিক দুরত্বের বাড়ী/হোটেলে অবস্থান করবেন এবং তাঁরা সৌদি সরকারের বিধান অনুযায়ী বাসযোগে প্রতিদিন হারাম শরীফে যাতায়াত করবেন ও মদিনায় মসজিদে নববী থেকে **সর্বোচ্চ ৮০০ মিটারের** মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে অবস্থান করবেন, (ঙ) সৌদি সরকার কর্তৃক প্রদত্ত তাসরিয়ায় উল্লিখিত বাড়ী প্রতি সীট সংখ্যা অনুযায়ী নির্ধারিত জায়গায় ১টি খাট, ১টি বিছানা, ১টি বালিশ ও ১টি কম্বল, (চ) কক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত হবে (কোন কোন কক্ষে অতিরিক্ত ফ্যান থাকতে পারে), (ছ) ৫-৬ জনের জন্য ১টি সংযুক্ত/কমন গোসলখানা/টয়লেট, (জ) প্রতি বাড়ীতে সাপ্লাইয়ের পানির ব্যবস্থা, (ঝ) বাড়ীর প্রতি কক্ষে/ফ্লোরে এক বা একাধিক ফ্রিজ ও টিভি (ঞ) প্রতি হাজীর জন্য মিনায় তাঁবুতে সৌদি সরকার কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট পরিমাণ জায়গা, ট) অনুমোদিত রুটে জেদ্দা-মক্কা-মদিনা-মীনা-আরাফা-এ যাওয়া-আসার জন্য পরিবহন সুবিধা, (ঠ) মক্কা ও মদিনায় সাধারণ চিকিৎসা সুবিধা, (ড) আশকোনাস্থ হজ্জ ক্যাম্পের ডরমেটরীতে ফ্লাইটপূর্ব/ ফ্লাইট পরবর্তী থাকার ব্যবস্থা, ক্যাফেটেরিয়াতে নিজ খরচে খাবারের ব্যবস্থা, হজ্জের আহ্কাম-আরকান সম্পর্কে নিবিড় প্রশিক্ষণ, বইপুস্তক সরবরাহ এবং কাস্টম/ইমিগ্রেশনের আনুষ্ঠানিকতা শেষে বাসযোগে বিমান বন্দরে পৌঁছানো, (ঢ) **প্রতি ৪৫ জন** হজ্জযাত্রীর জন্য ১ জন অভিজ্ঞ গাইড নিয়োগ ও **(ণ) কুরবানী খরচ বাবদ প্রত্যেক**

চলমান পাতা-৩

| | |
|---|---|
| | **হজ্জযাত্রীকে আনুমানিক সৌঃরিঃ ৫০০(পাঁচশত) সমপরিমাণ ১০,৫০০.০০( দশ হাজার পাঁচশত) সৌঃ রিঃ (কম/বেশি) পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিয়ে যেতে হবে। কুরবানী সৌদি আরবস্থ ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এর কুপন ক্রয়ের মাধ্যমে প্রদান করাই শ্রেয় হবে।** |
| ২.৪ | **টাকা জমাদানঃ** সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু প্যাকেজ-১ এর হজ্জযাত্রীদের মোয়াল্লেম ফি, ট্রেনভাড়া, বাড়ী ভাড়া, খাওয়া, বিমান ভাড়া ও অন্যান্য খরচসমেত প্যাকেজ মূল্যের ৩,৫৪,৩১৬/- (তিন লক্ষ চুয়ান্ন হাজার তিনশত ষোল) টাকা এবং প্যাকেজ-২ এর হজ্জযাত্রীদের মোয়াল্লেম ফি, ট্রেন ভাড়া, বাড়ী ভাড়া, খাওয়া এবং বিমান ভাড়া ও অন্যান্য করচসমেত প্যাকেজ মূল্যের ২,৯৫,৭৭৬/- (দুই লক্ষ পঁচানব্বই হাজার সাতশত ছিয়াত্তর) টাকা জমা দেয়ার শেষ তারিখ ০১.০৬.২০১৪খ্রিঃ। উক্ত তারিখের পর কোন অবস্থাতেই মোয়াল্লেম ফি, বাড়ী ভাড়া, বিমান ভাড়া, খাওয়া ও অন্যান্য খরচ বাবদ হজ্জের টাকা জমা নেয়া হবে না। তবে ২৯.০৫.২০১৪খ্রিঃ তারিখ পর্যন্ত অগ্রিম ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জমা দিয়ে নাম অন্তর্ভুক্ত করা যাবে। |
| ২.৫ | হজ্জের আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়/ইসলামিক ফাউন্ডেশনের জেলা ও বিভাগীয় কার্যালয়/ জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগের কার্যালয়/উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়/তালিকাভূক্ত/ ৩৩ (তেত্রিশ)টি ব্যাংকের শাখাসমূহ এবং হজ্জ শাখা, কক্ষ নং-১০৩, ভবন নং-৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও হজ্জ অফিস, আশকোনা, ঢাকা হতে সংগ্রহ করা যাবে। এছাড়াও www.hajj.gov.bd ও www.mora.gov.bd ওয়েব সাইট থেকে অন লাইনে ফরম পূরণ করে ডাউন লোড ও প্রিন্ট আউট নিয়ে স্বাক্ষরপূর্বক দাখিল করা যাবে। আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে স্ব-স্ব জেলা প্রশাসকের কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশনের জেলা ও বিভাগীয় কার্যালয়, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের দীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগের কার্যালয়, হজ্জ অফিস, ঢাকা এবং হজ্জ শাখায় ০৫.০৬.২০১৪খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করতে হবে। |
| ২.৬ | **নির্ধারিত ব্যাংকসমূহ ঃ সরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের** হজ্জের ব্যয় বাবদ উক্ত সমুদয় অর্থ নিম্নে বর্ণিত তফসিলী ব্যাংকের যে কোন শাখায় জমা দেয়া যাবে ঃ |

| | | |
|---|---|---|
| | (১) সোনালী ব্যাংক লিঃ | (১৮) সোসাল ইসলামী ব্যাংক লিঃ |
| | (২) অগ্রণী ব্যাংক লিঃ | (১৯) শাহ্জালাল ইসলামী ব্যাংক লিঃ |
| | (৩) জনতা ব্যাংক লিঃ | (২০) ওয়ান ব্যাংক লিঃ |
| | (৪) রূপালী ব্যাংক লিঃ | (২১) ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক (ইউসিবি) লিঃ |
| | (৫) পূবালী ব্যাংক লিঃ | (২২) এক্সিম ব্যাংক লিঃ |
| | (৬) বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ | (২৩) স্ট্যান্ডার্ড চাটার্ড ব্যাংক লিঃ |
| | (৭) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। | (২৪) এনসিসি ব্যাংক লিঃ |
| | (৮) আল-আরাফাহ ইসলামি ব্যাংক লিঃ | (২৫) যমুনা ব্যাংক লিঃ |
| | (৯) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | (২৬) আইএফআইসি ব্যাংক লিঃ |
| | (১০) দি সিটি ব্যাংক লিঃ | (২৭) এবি ব্যাংক লিঃ |
| | (১১) প্রিমিয়ার ব্যাংক লিঃ | (২৮) ট্রাস্ট ব্যাংক লিঃ |
| | (১২) প্রাইম ব্যাংক লিঃ | (২৯) ন্যাশনাল ব্যাংক লিঃ |
| | (১৩) মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ | (৩০) মার্কেন্টাইল ব্যাংক লিঃ |
| | (১৪) স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ | (৩১) এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ |
| | (১৫) ব্যাংক এশিয়া লিঃ | (৩২) সাউথইস্ট ব্যাংক লিমিটেড |
| | (১৬) ঢাকা ব্যাংক লিঃ | (৩৩) আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ |
| | (১৭) ব্র্যাক ব্যাংক লিঃ | |

উল্লেখ্য যে, বর্ণিত ব্যাংক সমূহের মধ্যে যে সকল ব্যাংক এর মাধ্যমে নুন্যতম ১০০ (একশত) জন হজ্জযাত্রী সরকারী ব্যবস্থাপনায় হজ্জে গমনের জন্য টাকা জমা দিবে না সে সকল ব্যাংকগুলোকে হজ্জ চলাকালীন সময়ে হজ্জক্যাম্প, ঢাকাতে বুথ এর জন্য স্থান দেয়া সম্ভব হবে না।

২.৭ জেলা প্রশাসকগণ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক/বিভাগীয় পরিচালকের কার্যালয় হতে প্রাপ্ত ও তাঁর নিজ দপ্তরে প্রাপ্ত আবেদন ফরমসমূহ যাচাই-বাছাই করে বিশেষ বাহক মারফত ১০.০৬.২০১৪খ্রিঃ তারিখের মধ্যে হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকায় প্রেরণ করবেন এবং একটি করে তালিকা পুলিশ ছাড়পত্র এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য যথাক্রমে পুলিশ কমিশনার/পুলিশ সুপার ও মহানগর/জেলা/উপজেলা মেডিক্যাল বোর্ড প্রধানের নিকট প্রেরণ করবেন।

২.৮ হজ্জযাত্রীদের জন্য ঢাকাস্থ হজ্জ অফিসের মাধ্যমে সৌদি আরব গমনের ভিসা, বিমানের টিকেট ও বৈদেশিক মুদ্রার ব্যবস্থা করা হবে।

২.৯ হজ্জযাত্রীদেরকে নিজ উদ্যোগে আর্ন্তজাতিক পাসপোর্ট সংগ্রহ করতে হবে।

২.১০ সরকারি ব্যবস্থাপনার সকল হজ্জযাত্রী কেবল হযরত শাহ জালাল (রাঃ) আর্ন্তজাতিক বিমানবন্দর, ঢাকা দিয়ে সৌদি আরব গমন করবেন।

২.১১ সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের লাগেজে নাম, আর্ন্তজাতিক পাসপোর্ট নম্বর ও মোয়াল্লেম নম্বর ইংরেজীতে লেখা বাধ্যতামূলক।

২.১২ সৌদি আরবে মক্কায় অবস্থিত কাউন্সেলর (হজ্জ) এর সাথে পরামর্শক্রমে আশকোনাস্থ পরিচালক, হজ্জ অফিস, ঢাকা হজ্জযাত্রীদের মক্কার বাসা বরাদ্দ করবেন এবং মদিনায় বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা হজ্জযাত্রীদের মদিনার বাসা বরাদ্দ করবেন।

চলমান পাতা-৪

৩ বেসরকারি ব্যবস্থাপনা ঃ

**৩.১ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সির মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রী প্রতি ব্যয় ঃ**

| ক্রমিক | ব্যয়ের খাতসমুহ | টাকা |
|---|---|---|
| ১. | **বিমান ভাড়াঃ** | |
| | (ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৫০০ (১৫০০ x ৭৭.৪০) | ১,১৬,১০০.০০ |
| | (খ) ইন্সিওরেন্স সারচার্জ মার্কিন ডলার ১০ (১০ x ৭৭.৪০) | ৭৭৪.০০ |
| | (গ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০ x ২১.০০) | ১,০৫০.০০ |
| | (ঘ) এম্বারকেশন ফি | ৩০০.০০ |
| | (ঙ) এক্সাইজ ডিউটি | ৫০০.০০ |
| | (চ) হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌঃরিঃ ৩০ (৩০ x ২১.০০) | ৬৩০.০০ |
| | মোট = | **১,১৯,৩৫৪.০০** |
| ২. | **স্থানীয় সার্ভিস চার্জঃ** আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ৩. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) ঃ** | ২০০.০০ |
| ৪. | **প্রশিক্ষণ ফিঃ** | ৩০০.০০ |
| ৫. | **মোয়াল্লেম ফিঃ** মিনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও আল-মাশায়েরে যাতায়াত ও পরিবহন ফি, রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক অতিরিক্ত ১% সীট ভাড়া ও হজ্জযাত্রীপ্রতি রাজকীয় সৌদি সরকারকে প্রদেয় ব্যাংক গ্যারান্টি (অফেরত যোগ্য), সার্ভিস চার্জ, জম জমের পানি ইত্যাদি সৌঃ রিঃ (১২০৪×২১.০০) | ২৫,২৮৪.০০ |
| ৬. | **খাওয়া খরচঃ** রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করতে হবে। দৈনিক তিন বেলা ৩৫.০০ সৌঃ রিঃ হারে সর্বোচ্চ ৪২ (বিয়াল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ সৌঃ রিঃ ১৪৭০ | ৩০,৮৭০.০০ |
| ৭. | ৫৬ সেঃমিঃ x ২৫ সেঃমিঃ x ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ১,৭০০.০০ |
| | **সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭) =** | ১,৭৮,৫০৮.০০ **(এক লক্ষ আটাত্তর হাজার পাঁচশত আট) টাকা** |

**রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবে প্রত্যেকটি হজ্জ এজেন্সির নিজস্ব ব্যাংক হিসাব চালু করতে হবে এবং উহার মাধ্যমে আবাসন ও খাবারের অর্থ পরিশোধ করতে হবে। যে সকল হজ্জ এজেন্সী SAMA (Saudi Arabian Monitoring Agency) এর নির্দেশনা অনুযায়ী সৌদি আরবে ব্যাংক হিসাব চালু করবে না এবং ব্যাংকের মাধ্যমে বাড়ী/হোটেল ভাড়া ও খাবারের অর্থ পরিশোধ করবে না সে সকল হজ্জ এজেন্সী হজ্জযাত্রী প্রেরণে রাজকীয় সৌদি সরকারের অনুমোদন পাবে না এবং এ সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পাদন করতে হবে।১৩ জিলহজ্জ তারিখ পর্যন্ত বাংলাদেশী হজ্জযাত্রীদের ৫০% মিনায় অবস্থান নিশ্চিত করতে হবে। আপাততঃ প্রতিটি হজ্জ এজেন্সি ন্যূনতম হজ্জযাত্রীর সংখ্যা হতে হবে ৫০ জন।**

**নোটঃ প্রতি মার্কিন ডলার ৭৭.৪০ (সাতাত্তর টাকা চল্লিশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে)**

৩.২ এ ছাড়াও (ক) মিনা-আরাফা-এ মোয়াল্লেমের অতিরিক্ত সার্ভিস চার্জ, (খ) মক্কা-মদিনায় বাড়ী ভাড়া ব্যয়, (গ) হজ্জযাত্রীদের কুরবানী খরচ (কুরবানী নিশ্চিত করার জন্য সৌদি আরবে ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এ অর্থ জমা করে কুপন প্রত্যেক হজ্জযাত্রীকে দিতে হবে ও (ঘ) হজ্জ গাইড বাবদ খরচ প্রত্যেক হজ্জ এজেন্সী নিজ নিজ হজ্জ প্যাকেজ অনুযায়ী নির্ধারণ করবে।

৩.৩ হজ্জ এজেন্সীসমূহকে বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণকে ঢাকা/চট্টগ্রাম/সিলেট-জেদ্দা/মদিনা-ঢাকা/চট্টগ্রাম/সিলেট পথে সরাসরি (Hajj Dedicated) ফ্লাইট যোগে সৌদি আরব যাতায়াত নিশ্চিত করতে হবে।

৩.৪ হজ্জ ব্যবস্থাপনার বিষয়ে সরকার ও হজ্জ এজেন্সি **আগামী ২৫.০৫.২০১৪খ্রিঃ তারিখের মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন** করতে হবে। সরকার ও হজ্জ এজেন্সি মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি ব্যতিরেকে কোন হজ্জ এজেন্সী হজ্জ প্যাকেজ ঘোষণা করতঃ হজ্জযাত্রী সংগ্রহ করতে পারবে না।

৩.৫ প্রত্যেক হজ্জ এজেন্সি হজ্জযাত্রীর সাথে সরকার নির্ধারিত ফরমে পৃথক পৃথক চুক্তি সম্পাদন করতে হবে। হজ্জ এজেন্সী ও হজ্জযাত্রীর মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোন এজেন্সী হজ্জ বাবদ অর্থ সংগ্রহ করতে পারবে না ও ভিসা প্রক্রিয়াকরণ হবে না। চুক্তির মূল কপি হজ্জযাত্রীর নিকট, একটি অনুলিপি ঢাকাস্থ হজ্জ অফিসে এবং অন্যটি হজ্জ এজেন্সি নিকট সংরক্ষিত থাকবে।

৩.৬ প্রত্যেক হজ্জ এজেন্সি হজ্জযাত্রীদের পূর্ণ নাম ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত একটি তালিকাসহ সরকার নির্ধারিত মোয়াল্লেম ফি, স্থানীয় সার্ভিস চার্জ ইত্যাদি আগামী **০১.০৬.২০১৪খ্রিঃ** তারিখের মধ্যে নির্ধারিত ব্যাংকে জমা দিতে হবে। এসব তথ্য ব্যতীত কোন ব্যাংক হজ্জ এজেন্সি নিকট থেকে অর্থ গ্রহণ করতে পারবে না। **উক্ত তারিখের পর কোন অবস্থাতেই হজ্জযাত্রীদের স্থানীয় সার্ভিস চার্জ ও মোয়াল্লেম ফি'সহ হজ্জের টাকা জমা নেয়া হবে না।**

চলমান পাতা-৫

৩.৭ হজ্জযাত্রী প্রতি মোয়াল্লেম ফি, সার্ভিস চার্জ ও অন্যান্য ব্যয় বাবদ **২৬,৫৮৪.০০ (ছাব্বিশ হাজার পাঁচশত চুরাশি) টাকা সরকারের ব্যাংক হিসাবে এবং একই আকার ও আয়তনের ব্যাগ সরবরাহের জন্য হজ্জযাত্রী প্রতি ১,৭০০.০০ (এক হাজার সাতশত) টাকা হাব এর ব্যাংক হিসাবে ০১.০৬.২০১৪খ্রিঃ** তারিখের মধ্যে যে সকল ব্যাংকে হজ্জ এজেন্সীগুলোর নিজ নিজ নামীয় ব্যাংক হিসাব রয়েছে সে সকল ব্যাংকের মাধ্যমে অথবা সরাসরি সংশ্লিষ্ট হজ্জ এজেন্সি অনুকূলে সোনালী ব্যাংক লিঃ এর নিম্নলিখিত শাখাগুলোতে অবশ্যই জমা দিতে হবে।

(ক) সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা।
(খ) সোনালী ব্যাংক লিঃ, ফকিরাপুল শাখা, ঢাকা।
(গ) সোনালী ব্যাংক লিঃ, দিলকুশা কর্পোরেট শাখা, দিলকুশা, ঢাকা।
(ঘ) সোনালী ব্যাংক লিঃ, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
(ঙ) সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, সিলেট।

৩.৮ প্রত্যেকটি হজ্জ এজেন্সিকে উক্ত হজ্জ এজেন্সি মাধ্যমে টাকা জমাদানকারী হজ্জযাত্রীদের তালিকা, মোয়াল্লেম ফি, বাড়ী/হোটেল ভাড়া, বিমান ভাড়া ও খাওয়া খরচসহ অন্যান্য ফি (সরকার ঘোষিত নূন্যতম প্যাকেজ মূল্য **২,৯৫,৭৭৬.০০ (দুই লক্ষ পঁচানব্বই হাজার সাতশত ছিয়াত্তর টাকা হারে) ০১.০৬.২০১৪ খ্রিঃ** তারিখের মধ্যে এজেন্সি নিজস্ব ব্যাংক হিসাবে জমা হয়েছে মর্মে সংশ্লিষ্ট ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও হাব কর্তৃক প্রতিস্বাক্ষরিত ব্যাংক ষ্টেটমেন্ট (জমা বিবরণী) হজ্জ অফিস, ঢাকার বরাবরে জমাদান নিশ্চিত করতে হবে এবং উহার অনুলিপি অবশ্যই ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৩.৯ প্রত্যেক হজ্জ এজেন্সী হজ্জযাত্রীদের সমন্বিত তালিকা বিশেষ বাহক মারফত ০২.০৬.২০১৪খ্রিঃ তারিখের মধ্যে **হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা-তে** প্রেরণ নিশ্চিত করবে এবং একটি তালিকা স্বাস্থ্য পরীক্ষার জন্য সংশ্লিষ্ট **মহানগর/জেলা/উপজেলা মেডিক্যাল বোর্ড প্রধানের** নিকট প্রেরণ করবে।

৩.১০ আবেদন ফরম, চুক্তির ফরমসহ অন্যান্য ফরম হজ্জ অফিস, ঢাকা হতে সংগ্রহ করা যাবে, তাছাড়া সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

৩.১১ বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের জন্য **১৪৩৫হিঃ সনের ১লা রজব হতে শাওয়াল মাসের ২০ তারিখের** মধ্যে **মক্কা ও মদিনায় অবশ্যই** বাড়ী ভাড়ার কার্যক্রম সমাপ্ত করে মক্কাস্থ হজ্জ মন্ত্রণালয় থেকে নিজ নিজ এজেন্সি অনুকূলে নির্দিষ্ট বারকোড সংগ্রহ করতে হবে। তবে **মাননীয় হজ্জমন্ত্রী, সৌদি আরব এর পরামর্শ মোতাবেক রমজান মাসের মধ্যেই উহা সম্পন্ন করা উত্তম হবে। মক্কা আল মোকাররমায় হজ্জযাত্রীদের জন্য একই বাড়ী/হোটেলে অবস্থান নিশ্চিত করতে হবে।** সৌদি বিধি মোতাবেক হারাম শরীফ থেকে দুই কিলোমিটার বা এর অধিক দূরত্বে বাড়ী/হোটেল অবস্থানের ব্যবস্থা করলে অবশ্যই যাতায়াতের জন্য গাড়ীর ব্যবস্থা করতে হবে।

৩.১২ **প্রত্যেক হজ্জ এজেন্সি অবশ্যই সৌদি আরবের বিধি-বিধান মেনে বাড়ী ভাড়া করতে হবে এবং বাড়ী ভাড়ার অর্থ হজ্জ এজেন্সি সৌদি আরবস্থ ব্যাংক হিসাবের মাধ্যমে বাড়ী/হোটেল মালিকের ব্যাংক হিসাবে একাউন্ট-পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে। কোনক্রমেই তাসরিয়া/তাসনিফ ব্যতিত বাড়ী/হোটেলের সাথে চুক্তি করা যাবে না এবং চুক্তিবিহীন বাড়ী/হোটেলে হজ্জযাত্রীদের আবাসন ব্যবস্থা করা যাবে না এবং বাড়ী/হোটেল ভাড়ার অর্থ নগদ পরিশোধ করা যাবে না। মক্কায় হজ্জযাত্রীদের জন্য ভাড়াকৃত নির্ধারিত বাড়ীতেই অবস্থান নিশ্চিত করতে হবে।** কোনক্রমেই আবাসনের জন্য তারসিয়া/তাসনিফসহ ভাড়াকৃত বাড়ী/হোটেল ছাড়া অন্যত্র হজ্জযাত্রীদের রাখা যাবে না। উহার ব্যাত্যয় সৌদি সরকার ও বাংলাদেশ সরকারের নিকট চরম অপরাধ হিসেবে বিবেচিত হবে।

৩.১৩ **রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক প্রত্যেকটি হজ্জ এজেন্সি সংশ্লিষ্ট হজ্জ এজেন্সি মাধ্যমে মোয়াল্লেম ফি জমাদানকারী হজ্জযাত্রীদের জন্য সৌদি আরবে অবস্থানকালে দৈনিক তিন বেলা খাবার সরবরাহের জন্যে সৌদি সরকার কর্তৃক অনুমোদিত ক্যাটারিং কোম্পানীর সাথে বাধ্যতামূলক চুক্তি সম্পাদন করতে হবে। উল্লেখ্য যে, হজ্জযাত্রীদের আবাসন ও খাবার সংক্রান্ত চুক্তি সম্পাদন এবং সম্পাদিত চুক্তি মোতাবেক মূল্য ব্যাংকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পরিশোধ করা না হলে হজ্জ এজেন্সি হজ্জযাত্রীদের অনুকূলে সৌদি কর্তৃপক্ষ বার কোড ইস্যু করবে না।**

৩.১৪ হজ্জ এজেন্সীসমূহ, পরিচালক, হজ্জ অফিস, ঢাকা এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স ও অন্যান্য এয়ারলাইন্স (যদি থাকে) এর সাথে আলোচনার মাধ্যমে আরবী শাওয়াল মাসের মধ্যে তাদের নিজ নিজ হজ্জযাত্রী প্রেরণের তারিখ/**হজ্জ ফ্লাইট সিডিউল চূড়ান্ত** করবে।

৩.১৫ প্রত্যেক হজ্জ এজেন্সি বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এবং সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স ও অন্যান্য এয়ারলাইন্স (যদি থাকে) এর সাথে যোগাযোগ করে হজ্জযাত্রীদের অগ্রিম বিমান ভাড়া নির্ধারিত তারিখের মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সসহ সংশ্লিষ্ট এয়ারলাইন্সগুলোর ব্যাংক একাউন্টে জমা দেবে।

৩.১৬ হজ্জযাত্রীগণ আর্ন্তজাতিক পাসপোর্ট সংগ্রহ করে অনুমোদিত হজ্জ এজেন্সির সহযোগিতায় সৌদি দূতাবাস হতে ইস্যুকৃত ভিসার মাধ্যমে হজ্জে গমন করবেন।

৩.১৭ বে-সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীর লাগেজে নিজের নাম, পাসপোর্ট নম্বর, হজ্জ এজেন্সির নাম এবং সৌদি আরবে সংশিষ্ট হজ্জ এজেন্সির প্রতিনিধির মোবাইল নম্বরসহ ঠিকানা ইংরেজীতে লেখা বাধ্যতামূলক।

৩.১৮ হজ্জযাত্রীগণ হজ্জ এজেন্সি কর্তৃক **নির্ধারিত ব্যাংক একাউন্টে টাকা জমা** দিবেন। তবে এজেন্সীসমূহ শুধুমাত্র এজেন্সি **স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত রসিদমূলে** হজ্জযাত্রীদের নিকট থেকে সরাসরি নগদ টাকা গ্রহণ করতে পারবে। কোন হজ্জ এজেন্সী দালাল বা তথাকথিত কাফেলা লিডারের মাধ্যমে হজ্জযাত্রীদের কাছ থেকে অর্থ সংগ্রহ করতে পারবে না।

চলমান পাতা-৬

৩.১৯ প্রত্যেক এজেন্সি হজ্জ প্যাকেজ, হজ্জযাত্রীর নাম, পাসপোর্ট নম্বর, ঠিকানা, মোবাইল ফোন নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, বারকোড নম্বর ইত্যাদি তথ্য; হজ্জযাত্রীদের ফ্লাইট সিডিউল, হজ্জ এজেন্সি ও হজ্জযাত্রীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র, সরকার ও এজেন্সি মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র; মক্কা ও মদিনায় হজ্জযাত্রীদের জন্য ভাড়াকৃত বাড়ির মালিকের নাম-ঠিকানা-মোবাইল ফোন নম্বর, বাড়ির রোড/এলাকার নাম; নিয়োজিত প্রতিনিধি ও হজ্জকর্মীর সৌদি আরবে এবং বাংলাদেশের ঠিকানা ও মোবাইল নম্বরসহ প্রয়োজনীয় সকল তথ্য নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ করবে এবং প্রকাশিত তথ্যের সফ্‌ট কপি হজ্জ অফিস, ঢাকায় সরবরাহ করবে।

৩.২০ হজ্জযাত্রীর মোবাইল/ফোন নম্বর না থাকলে সেক্ষেত্রে যোগাযোগ করার জন্য দুইজন নিকট আত্মীয়ের মোবাইল নম্বর আবেদনপত্রে এবং হজ্জ এজেন্সি ও হজ্জযাত্রীর সাথে সম্পাদিত চুক্তিপত্রে উলেখ করতে হবে।

৩.২১ প্রত্যেক হজ্জ এজেন্সি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য একজন অভিজ্ঞ হজ্জ গাইড নিয়োগ করবে ।

৩.২২ **প্রত্যেক হজ্জ এজেন্সি সর্বনিম্ন ৫০(পঞ্চাশ) জন এবং সবোর্চ্চ ৩০০ (তিনশত) জন হজ্জযাত্রী হজ্জে প্রেরণ করতে পারবে।**

৩.২৩ তদন্তাধীন এজেন্সি হজ্জ লাইসেন্স বাংলাদেশ সরকার কর্তৃক বাতিল/স্থগিত হলে অথবা সৌদি সরকার কর্তৃক অভিযুক্ত হজ্জ এজেন্সিগুলোর অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত হজ্জ এজেন্সী হজ্জযাত্রী সংগ্রহ/প্রেরণ করতে পারবে না। কেননা কোন হজ্জযাত্রী অভিযুক্ত কোন হজ্জ এজেন্সি নামে রেজিস্ট্রেশনের পরে উক্ত এজেন্সী কোন কারণে স্থগিত/বাতিল করা হলে ঐ সকল হজ্জযাত্রীকে অন্য এজেন্সীতে পরিবর্তন করা সম্ভব হবে না ।

৩.২৪ কোনক্রমেই মোয়াল্লেম ফি জমাদানকারী হজ্জযাত্রীদের নাম পরিবর্তন করা যাবে না। এ ক্ষেত্রে জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি-১৪৩৫হিজরী/২০১৪খ্রিঃ এর ৭.৪ অনুচ্ছেদের বিধান প্রযোজ্য হবে।

৩.২৫ রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক মক্কাস্থ হাব প্রতিনিধির সাথে পরামর্শক্রমে কাউন্সিলর (হজ্জ), মক্কা কর্তৃক মক্কা আল-মোকাররমা এবং মদিনা আল-মনোওয়ারায় মোট হাজীর ১% অতিরিক্ত বাড়ী ভাড়া নিশ্চিত করা হবে।

৩.২৬ ফ্লাইটের সময়সূচীর ব্যাপারে স্থানীয় সিভিল এভিয়েশন কর্তৃক পরিবর্তন ছাড়া মিশন বা এজেন্সী কিংবা এয়ার লাইন্স কর্তৃক কোন পরিবর্তন হজ্জ মন্ত্রণালয়ের নিকট গ্রহণযোগ্য হবে না ।

৩.২৭ মদিনাস্থ বাড়ী ভাড়ার চুক্তিতে এয়ারলাইন্স এর নাম, ফ্লাইট নম্বর ও সৌদি আরবের বিমান বন্দরের নাম এন্ট্রি করতে হবে এর ব্যত্যয় হলে উক্ত এজেন্সি বিপরীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৩.২৮ জেদ্দাস্থ বিমান বন্দর অথবা বাংলাদেশ থেকে সরাসরি মদিনা আল মোনাওয়ারায় গমনকালে হজ্জযাত্রীদের সাথে অথবা হজ্জ এজেন্সি বৈধ প্রতিনিধির নিকট মদিনার আবাসনের চুক্তির কপি থাকতে হবে ।

৩.২৯ মক্কা আল মোকাররমা অথবা বাংলাদেশ থেকে মদিনা আল মোনাওয়ারায় গমনের জন্য সকল হজ্জযাত্রীর মদিনায় আবাসন চুক্তির বিবরণী অন লাইনে থাকতে হবে। উক্ত বিবরণী অন লাইনে না পাওয়া গেলে কোন হজ্জযাত্রীকে মক্কা আল মোকাররমা অথবা বাংলাদেশ থেকে মদিনা আল মোনাওয়ারায় প্রেরণ করা সম্ভব হবে না ।

৩.৩০ প্রত্যেক পাসপোর্টের সাথে ইউনাইটেড এজেন্টস অফিস কর্তৃক প্রদত্ত নমুনা কার্ড তথ্যসহ অবশ্যই সংযুক্ত থাকতে হবে।

৩.৩১ সরকারী ও বেসরকারী উভয় ক্ষেত্রেই হাজী প্রতি সৌঃ রিঃ ৫০.০০ (পঞ্চাশ) হারে মক্কাস্থ হজ্জ মন্ত্রণালয় বরাবরে ব্যাংক গ্যারান্টি প্রদান করতে হবে। বাড়ী ভাড়ার চুক্তি শুরুর পূর্বেই কাউন্সিলর (হজ্জ) মক্কা কর্তৃক ব্যাংক গ্যারান্টির অর্থ প্রদান নিশ্চিত করতে হবে।

৩.৩২ একটি ফ্লাইটে ০২টি এজেন্সি বেশী হজ্জযাত্রী পরিবহন করতে পারবে না এবং তাঁদের মধ্যে প্রত্যেক ৪৫ জনে ০১ জন গাইড/গ্রুপ লিডার হিসাবে নির্দিষ্ট থাকতে হবে।

৩.৩৩ হজ্জ এজেন্ট কর্তৃক হজ্জযাত্রীদের সার্ভিস প্রদানের সকল বিষয়ে বিস্তারিত চুক্তি থাকতে হবে। উক্ত চুক্তি আরবী ভাষায় অনুবাদকৃত কপি স্থানীয় মোয়াচ্ছাছা অফিসে জমা দিতে হবে।

৩.৩৪ হজ্জের পূর্বে ২৫ জ্বিলক্বদ ১৪৩৫ হিজরীর পরে কোন হজ্জযাত্রী মক্কা আল মোকাররমা কিংবা জেদ্দা থেকে সড়ক পথে মদিনা আল মোনাওয়ারায় গমন করতে পারবেন না ।

৩.৩৫ হজ্জের পূর্বে ০৫ই জ্বিলহজ্জের পরে কোন হজ্জযাত্রী মদিনা আল মোনাওয়ারায় অবস্থান করতে পারবেন না ।

৩.৩৬ মদিনা আল মোনাওয়ারায় হজ্জের পূর্বে ০৫ই জ্বিলহজ্জের পরে কোন বাড়ী ভাড়ার চুক্তি স্বাক্ষর করা যাবে না ।

৩.৩৭ হজ্জের পরে মক্কা থেকে ১৪ই জ্বিলহজ্জের পূর্বে কোন হজ্জযাত্রী মক্কা আল মোকাররমা থেকে মদিনা আল মোনাওয়ারায় গমন করতে পারবেন না ।

৩.৩৮ আকাশ পথে জেদ্দা থেকে মদিনা যাওয়ার সর্বশেষ তারিখ ০২ জ্বিলহজ্জ তবে সে ক্ষেত্রে ০৫ই জ্বিলহজ্জের পূর্বে মদিনা জেদ্দার রিটার্ণ টিকেটে বুকিং কনফার্ম থাকতে হবে ।

৩.৩৯ হজ্জ এজেন্সি কর্তৃক বাড়ী ভাড়ার জন্য প্রদত্ত মাল্টিপল ভিসার অবস্থানের মেয়াদ কোনক্রমেই বর্ধিত করা যাবে না ।

৩.৪০ বেসরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের জন্য সুষ্ঠু হজ্জ ব্যবস্থাপনার স্বার্থে সৌদি আরবের মক্কা ও মদিনায় বাংলাদেশ সরকার ও হজ্জ এজেন্সীস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) কর্তৃক নির্ধারিত এলাকাসমূহে গুচ্ছ (Cluster) ভিত্তিক বাড়ী ভাড়া নিশ্চিত করতে হবে এবং এ বছর মিসফালাহ, জিয়াদ, শিয়াবে আমের, গাজ্জা, জারোয়াল, সৌকিয়া ও আজিজিয়া এলাকায় গুচ্ছ (Cluster) ভিত্তিক বাড়ীভাড়া নিশ্চিত করতে হবে।

৪ **সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের জন্য প্রযোজ্য তথ্যাদি ও করণীয়ঃ**

৪.১ মাহ্‌রাম ব্যতীত মহিলা হজ্জযাত্রী এককভাবে কোনক্রমেই হজ্জে গমনের যোগ্য বিবেচিত হবেন না ;

৪.২ মহিলা হজ্জযাত্রীগণকে মাহরামের সাথে একত্রে টাকা জমা দিতে হবে ;

৪.৩ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, সৌদি এয়ারলাইন্সসহ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত এয়ারলাইন্স হজ্জযাত্রী পরিবহনের দায়িত্ব পালন করবে;

চলমান পাতা-৭

৪.৪ জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি-১৪৩৫হিজরী/২০১৪ খ্রিঃ এর ৭.৪ ও ৭.২২ অনুচ্ছেদের বিধান অনুসারে শুধুমাত্র আবেদনকারীর মৃত্যু জনিতকারণে জমাকৃত অর্থের অব্যয়িত অর্থ ফেরৎ দেয়া হবে;

৪.৫ বাংলাদেশী টাকার সাথে মার্কিন ডলার ও সৌদি রিয়াল এর বিনিময় হার এবং আন্তর্জাতিক বাজারে জ্বালানী মূল্য বৃদ্ধি পেলে সেক্ষেত্রে বর্ধিত টাকা ও বিমান ভাড়া হজ্জযাত্রীকে পরিশোধ করতে হবে;

৪.৬ হজ্জের সার্বিক খরচ ছাড়াও প্রত্যেক হজ্জযাত্রী ৫০০ (পাঁচশত) মার্কিন ডলারের সমপরিমাণ বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন;

৪.৭ প্রত্যেক হজ্জযাত্রীর জন্য স্বাস্থ্য পরীক্ষা, মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা প্রতিষেধক টিকা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ এবং স্বাস্থ্য সনদ গ্রহণ বাধ্যতামূলক;

৪.৮ **হজ্জে গমনেচ্ছু প্রত্যেক ব্যাক্তিকে মোয়াল্লেম ফি জমাদানকালে কিংবা হজ্জের আবেদনপত্র জমাদানকালে মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদ দেখাতে হবে। উল্লেখ্য যে, ৭০ বছর বা ততোধিক বয়স্ক হজ্জযাত্রীদের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত বোর্ডের নিকট হতে বিশেষ স্বাস্থ্য সনদ গ্রহণ বাধ্যতামূলক।**

৪.৯ হজ্জযাত্রীদের সৌদি আরবে অবস্থানকাল **সর্বোচ্চ ৪৫ দিন** হবে;

৪.১০ **সরকারি এবং বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণ হজ্জের উদ্দেশ্যে যাত্রার ০৩ (তিন) দিন পূর্বে ঢাকাস্থ আশকোনা হজ্জক্যাম্পে আগমন করবেন।** হজ্জক্যাম্পে অবস্থানকালে হজ্জের বিভিন্ন আরকান-আহকামসহ জরুরী বিষয়াদি সম্পর্কে অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা ও অডিও ভিজুয়্যাল মিডিয়ার মাধ্যমে হজ্জযাত্রীদেরকে ৩ দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে;

৪.১১ বিমান কর্তৃপক্ষের ব্যবস্থা অনুযায়ী বিমানে কোন হজ্জযাত্রী সর্বোচ্চ **৩২ (বত্রিশ) কেজির বেশী মালামাল বহন করতে পারবেন না। রেজিষ্টার্ড ডাক্তারের প্রেসক্রিপশন ব্যতীত কোন ঔষধ নিতে পারবেন না। চাল, ডাল, শুটকী, গুড় ইত্যাদিসহ পচনশীল খাদ্যদ্রব্য যেমন ঃ রান্না করা খাবার, তরি-তরকারী, ফলমুল, পান, সুপারি ইত্যাদি সৌদি আরবে নিয়ে যাওয়া যাবে না।**

৪.১২ সৌদি সরকার কর্তৃক স্বীকৃত খাদ্য সরবরাহকারী প্রতিষ্ঠান ছাড়া কোন প্রতিষ্ঠান থেকে হজ্জযাত্রীদের জন্য খাদ্য সরবরাহ করা যাবে না । নির্দিষ্ট মোয়াচ্ছাছার মাধ্যমেই কোন স্বীকৃত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর করতে হবে।

৪.১৩ **ডায়বেটিস, হৃদরোগসহ কোন ক্রনিক ডিজিজের রোগীরা প্রেসক্রিপশনসহ অতি অবশ্যই ৫০ দিনের ঔষধ সঙ্গে নিয়ে যাবেন।**

৪.১৪ কুরবানীর টাকা ইসলামী উন্নয়ন ব্যাংকে জমা দেয়া সৌদি সরকার কর্তৃক একমাত্র স্বীকৃত ব্যবস্থা। অসুবিধা এড়ানোর জন্য ইসলামী উন্নয়ন ব্যাংকে টাকা জমা দেয়াই উত্তম।

৪.১৫ প্রত্যেক হজ্জযাত্রীকে বাধ্যতামূলকভাবে মেডিকেল তথ্য সম্বলিত আইডি কার্ড এবং কব্জী বেল্ট বহন করতে হবে। আবেদনপত্রে মেডিক্যাল তথ্যাবলী যথাযথভাবে পূরণ বাধ্যতামূলক।

৪.১৬ সৌদি সরকার কর্তৃক স্বীকৃত জম জম প্রজেক্ট কর্তৃক সরবরাহকৃত জমজম পানির গ্যালনই কেবলমাত্র হজ্জযাত্রীগণ সাথে নিতে পারবেন । সাধারণ গ্যালন বিমান বন্দরে গ্রহণযোগ্য হবে না ।

৪.১৭ আল মাশায়ের আল মোকাদ্দাসার (মিনা-আরাফাত-মোযদালেফা) বাস ভাড়ার কুপনের অর্থ ফেরৎযোগ্য নয়।

৪.১৮ হজ্জ ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সহায়তায় হজ্জযাত্রীদের যাবতীয় তথ্য সংরক্ষণ ও সরবরাহ, ইন্টারনেটের মাধ্যমে সংবাদ আদান-প্রদানের ব্যবস্থা করা হবে। এ বিষয়ে www.hajj.gov.bd ওয়েব সাইট হতে তথ্য সংগ্রহ করা যাবে ।

৪.১৯ প্রত্যেক হজ্জযাত্রী হাব কর্তৃক সরবরাহকৃত **৫৬ সেঃমিঃ x ২৫ সেঃমিঃ x ৪৫ সেঃমিঃ আয়তনের** মাত্র ১টি ব্যাগ/লাগেজ সংগে নিতে পারবেন। লাগেজের গায়ে হজ্জযাত্রীর পূর্ণাঙ্গ নাম, ঠিকানা লিপিবদ্ধ করতে হবে।

৪.২০ সৌদি আরবে অবস্থানকালে বাসস্থানের বাইরে গেলে হজ্জযাত্রীগণকে পরিচয়পত্র, মোয়াল্লেম কার্ড ও হোটেলের কার্ড অবশ্যই সংগে রাখতে হবে এবং মহিলা হজ্জযাত্রীদের স্কার্ফের মধ্যভাগে বাংলাদেশের জাতীয় পতাকার ছাপ অবশ্যই থাকতে হবে।

৪.২১ অতিরিক্ত কোন তথ্যাদি জানার প্রয়োজন হলে পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা (ফোন-**৮৯৫৮৪৬২, ৭৯১২৩৯১**) এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে (ফোন- **৯৫৭৬৩৪৯, ৯৫১২২৩৯, ৯৫১২২৩৮, ৭১৬০৩৯৭, ০১৭১৫০০৯৭৭১, ০১৭২০০১৭৩৭৭, ০১৭১৫১৯৩৩২৪, ০১৫৫২৪৪৫২৮০, ০১৭১১৮০৩৪৪১**) যোগাযোগ করতে পারেন। এ ছাড়াও প্রত্যেক **জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং** জেলায় অবস্থিত **উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন** এর কার্যালয় হতে বিস্তারিত তথ্য জানা যাবে।

৫. **এয়ারলাইন্সসমূহের করণীয় ঃ**

হজ্জযাত্রীগণের বাংলাদেশে প্রত্যাবর্তন ঝামেলামুক্ত করণের সুবিধার্থে মক্কা ও মদিনায় সংশ্লিষ্ট এয়ারলাইন্সসমূহ কর্তৃক সিটি চেক-ইন কার্যক্রম গ্রহণ করতে হবে। এই লক্ষ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে পরামর্শক্রমে হজ্জযাত্রী পরিবহনকারী সকল এয়ারলাইন্স এর মাধ্যমে মক্কা ও মদিনায় সিটি চেক-ইন কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করবে।

১৬/০৬/২০১৪ খ্রিঃ

(মোঃ জাহাংগীর আলম)
উপ-সচিব (হজ্জ)
ফোন ঃ ৯৫৭৬৩৪৯ ।

চলমান পাতা-৮

স্মারক নং-ধবিম/হঃশাঃ/১-১৫/২০১৩/৩৪৪ তারিখ ঃ ১৩/০৩/২০১৪খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব/সচিব, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ.................................................
৬. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৭. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে)।
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
৯. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১০. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. যুগ্ম-সচিব, হজ্জ/প্রশাসন/পরিকল্পনা-১/পরিকল্পনা-২, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৩. পরিচালক, রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৪. জেলা প্রশাসক (সকল)..................................................।
১৫. কাউন্সিলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা, সৌদি আরব।
১৬. পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
১৭. পুলিশ সুপার, (সকল)..................................................।
১৮. সিভিল সার্জন (সকল)..................................................।
১৯. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা।

(১) সোনালী ব্যাংক লিঃ, (২) অগ্রণী ব্যাংক লিঃ, (৩) জনতা ব্যাংক লিঃ, (৪) রূপালী ব্যাংক লিঃ, (৫) পূবালী ব্যাংক লিঃ, (৬) বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ, (৭) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী, (৮) আল-আরাফাহ ইসলামি ব্যাংক লিঃ, (৯) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, (১০) দি সিটি ব্যাংক লিঃ, (১১) প্রিমিয়ার ব্যাংক লিঃ, (১২) প্রাইম ব্যাংক লিঃ, (১৩) মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, (১৪) স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, (১৫) ব্যাংক এশিয়া লিঃ, (১৬) ঢাকা ব্যাংক লিঃ, (১৭) ব্র্যাক ব্যাংক লিঃ, (১৮) সোসাল ইসলামী ব্যাংক লিঃ, (১৯) শাহ্জালাল ইসলামী ব্যাংক লিঃ, (২০) ওয়ান ব্যাংক লিঃ, (২১) ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক (ইউসিবি) লিঃ ও (২২) এক্সিম ব্যাংক লিঃ (২৩) স্টান্ডার্ড চাটার্ড ব্যাংক লিঃ, (২৪) এনসিসি ব্যাংক লিঃ (২৫) যমুনা ব্যাংক লিঃ(২৬) আইএফআইসি ব্যাংক লিঃ (২৭) এবি ব্যাংক লিঃ (২৮) ট্রাস্ট ব্যাংক লিঃ (২৯) ন্যাশনাল ব্যাংক লিঃ (৩০) মার্কেন্টাইল ব্যাংক লিঃ (৩১) এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ (৩২) সাউথইস্ট ব্যাংক লিমিটেড (৩৩) আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হ'ল)।

২০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২১. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২২. ব্যবস্থাপনা পরিচালক, ওসিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
২৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..........................................।
২৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (সকল)..................................।
২৫. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)।
২৬. জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
২৭. সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ্জ এজেন্সি অবহিত করনের অনুরোধসহ)।
২৮. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক.......................................................পত্রিকা-সংযুক্ত হজ্জ প্যাকেজটি স্মারক নং সহ তাঁর পত্রিকার নির্দিষ্ট কলামে ১(এক)দিনের জন্য ------------- পাতায় প্রকাশের অনুরোধ করা হলো।
২৯. সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। তাঁকে হজ্জ প্যাকেজ-২০১৪/১৪৩৫হিজরী www.4jj.gov.bd website-এ upload করার জন্য অনুরোধ করা হ'ল।
৩০. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, ----------------------------------------------------------------।
৩১. জেনারেল ম্যানেজার, বিজনেস অটোমেশন লিঃ, ডিবিবিএল ভবন, ১২ কারওয়ান বাজার, ঢাকা। তাঁকে হজ্জ প্যাকেজ-২০১৪/১৪৩৫হিজরী www.hajj.gov.bd website-এ upload করার জন্য অনুরোধ করা হ'ল।

১৩/০৩/২০১৪ খ্রিঃ

(মোঃ জাহাংগীর আলম)
উপ-সচিব (হজ্জ)